

এইচএসসি ও সমমান

# পাসের হারে সেরা বরিশাল, পিছিয়ে যশোর

ইত্তেফাক অনলাইন ডেক্স

প্রকাশ : ২৬ নভেম্বর ২০২৩, ১৩:০৭



চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এ বছর ১১টি শিক্ষাবোর্ডে গড় পাসের হার ৭৮ দশমিক ৬৪। বোর্ডভিত্তিক ফলাফলে পাসের হারে সবার ওপরে বরিশাল বোর্ড। এ বোর্ডে পাসের হার ৮০ দশমিক ৬৫। পাসের হারে সবচেয়ে পিছিয়ে আছে যশোর। এ বোর্ডে পাস করেছেন ৬৯ দশমিক ৮৮ শতাংশ পরীক্ষার্থী।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News অনুসরণ করুন](#)



রোববার (২৬ নভেম্বর) সকাল ১১টার দিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে এইচএসসি ও সমমানের ফল প্রকাশ করেন। এরপর ওয়েবসাইটে ও নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ফল প্রকাশ করা হয়।



প্রায় অর্ধেকে নেমেছে জিপিএ-৫

ফলাফল বিশ্লেষণে দেখা গেছে, দেশের বাকি ৭টি সাধারণ বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে পাসের হার ৭৯ দশমিক ৪৪, রাজশাহী বোর্ডে ৭৮ দশমিক ৪৬ শতাংশ, কুমিল্লা বোর্ডে ৭৫ দশমিক ৩৯ শতাংশ, চট্টগ্রাম বোর্ডে ৭৪ দশমিক ৪৫ শতাংশ, সিলেট বোর্ডে ৭৩ দশমিক শূন্য ৭ শতাংশ। এছাড়া ময়মনসিংহ ও দিনাজপুর বোর্ডে ৭০ দশমিক ৪৪ শতাংশ শিক্ষার্থী পাস করেছেন।

চলতি বছর সব শিক্ষাবোর্ড মিলিয়ে পরীক্ষায় মোট পাশ করেছেন ১০ লাখ ৬৭ হাজার ৮৫২ জন পরীক্ষার্থী। শুধু ৯টি সাধারণ শিক্ষাবোর্ডে পাসের হার ৭৫ দশমিক ৯। গত বছর এইচএসসি ও সমমান পরীক্ষায় গড় পাসের হার ছিল ৮৫ দশমিক ৯৫। সেই হিসাবে এবার পাস ৭ দশমিক ৩১ শতাংশ কর্মেছে।



এইচএসসি-সমমানের ফল  
প্রকাশ, কর্মেছে পাসের হার

এর আগে সকাল ১০টার দিকে গণভবনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি ও বোর্ডের চেয়ারম্যানরা নিজ নিজ বোর্ডের ফলাফল প্রধানমন্ত্রীর হাতে তুলে দেন। দুপুর ২টায় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এক সংবাদ সম্মেলনে ফলাফলের বিস্তারিত তথ্য

তুলে ধরবেন। আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে এ সংবাদ সম্মেলন  
অনুষ্ঠিত হবে।

ইতেফাক/এআই

বিষয়: